# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৮৬) মানুষের উপর কি বদ নজর লাগে? বদ নযরের হুকুম কী?

উত্তরঃ বদ নজরের প্রভাব সত্য। মানুষের উপর বদ নযর লেগে যায়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(الْعَيْنُ حَقٌّ)

‘‘বদ নজরের প্রভাব সত্য’’।[1] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদা একটি বান্দীকে দেখলেন যে, তার চেহারা হলুদ বর্ণ ধারণ করেছে। তখন তিনি বললেনঃ

(اسْتَرْقُوا لَهَا فَإِنَّ بِهَا النَّظْرَةَ)

‘‘তার উপর ঝাড়ফুঁক কর। কারণ তার উপর বদ নযর লেগেছে’’।[2] আয়েশা (রাঃ) বলেনঃ

أَمَرَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ أَوْ أَمَرَ أَنْ يُسْتَرْقَى مِنَ الْعَيْنِ

‘‘নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বদ নযর হতে ঝাড়ফুঁক করার আদেশ দিয়েছেন’’।[3] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(لَا رُقْيَةَ إِلَّا مِنْ عَيْنٍ أَوْ حُمَةَ)

‘‘বদ নজর এবং বিচ্ছুর বিষ নামানোর ঝাঁড়-ফুঁক ব্যতীত অন্য কোন ঝাড়-ফুঁক নেই’’।[4] এছাড়া বদ নযরের বিষয়ে আরো অনেক সহীহ হাদীছ রয়েছে। তবে এ কথা বিশ্বাস রাখতে হবে যে, আল্লাহর ইচ্ছা ও হুকুম ছাড়া এগুলো কোন প্রভাব বিস্তার করতে পারে না। পূর্ববর্তী অনেক নেককার আলেম নিম্ন বর্ণিত আয়াতটিকে বদ নযরের মাধ্যমে ব্যাখা করেছেন। আল্লাহ তাআলা বলেনঃ

وَإِنْ يَكَادُ الَّذِينَ كَفَرُوا لَيُزْلِقُونَكَ بِأَبْصَارِهِمْ

‘‘কাফেরেরা তাদের দৃষ্টির মাধ্যমে আপনাকে আছাড় দিয়ে ফেলে দিতে চায়’’। (সূরা আল-কলমঃ ৫১)

## ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুত্ তিব্ব, মুসলিম, অধ্যায়ঃ কিতাবুস্ সালাম।

[2] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুত্ তিব্ব।

[3] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুত্ তিব্ব, মুসলিম, অধ্যায়ঃ কিতাবুস্ সালাম।

[4] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুত্‌ তিব্ব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12000

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন